দৈনিক [illegible]

২৬/৯/২০০৭

তারিখ ... পৃষ্ঠা ৭ কলাম ... ৫

# ক্যাম্পাসে সংঘাত অবসানের উদ্যোগ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলিতে অবস্থান গ্রহণকে কেন্দ্র করিয়া ছাত্রলীগ ও ছাত্রদলের মধ্যে সংঘাতময় পরিস্থিতির অবসানকল্পে কর্তৃপক্ষ শীঘ্রই সকল ছাত্র সংগঠনের সহিত আলোচনায় বসিতেছেন। এজন্য আগামী ২/৩ দিনের মধ্যেই পরিবেশ পরিষদ অথবা সকল হল প্রভোষ্ট ও ছাত্র নেতৃবৃন্দকে লইয়া প্রভোষ্ট স্ট্যান্ডিং কমিটির সভা আহ্বান করা হইতেছে বলিয়া গতকাল মঙ্গলবার প্রশাসনিক ভবন সূত্রে জানা গিয়াছে। বৈধ ছাত্রদের হলে তুলিয়া দেওয়ার বিষয়ে গত সোমবারই প্রভোষ্ট স্ট্যান্ডিং কমিটিতে সিদ্ধান্ত হইয়াছে। এজন্য ছাত্র সংগঠনগুলি হইতে বৈধ ছাত্রদের তালিকাও চাওয়া হইয়াছে। ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখিতে ছাত্রলীগ নেতৃবৃন্দ আলোচনা করিতে প্রস্তুত বলিয়া সংগঠন সূত্রে জানা গিয়াছে। দুই/একটি হলে ছাত্রদলকে পুনর্বাসিত করিয়া সংকট হইতে উত্তরণের পথ বাহির করার বিষয়ে ছাত্রলীগ নেতৃবৃন্দ নিজেদের মধ্যে আলোচনা করিয়াছেন। ছাত্রলীগ সম্পাদক বলেন, যেকোন সমস্যাই আলাপ-আলোচনার মাধ্যমে মীমাংসা হইতে পারে। এদিকে গত কয়েকদিনে ক্যাম্পাস এলাকায় পুলিশী নজরদারীর কারণে এখনই হলে উঠা নিরাপদ নয় জানিয়া ছাত্রদল এখন মাঝে মাঝেই ঝটিকা আক্রমণ চালাইয়া হলগুলিতে আতঙ্ক সৃষ্টি করিয়া চলিয়াছে। হল পর্যায়ের নেতৃবৃন্দকে ম্যানেজ করার চেষ্টাও তাহারা চালাইয়া যাইতেছে। ছাত্রদল সম্পাদক সাহাবুদ্দীন লাল্টু বলেন, হলে হলে ছাত্রদলের পূর্বাবস্থান ফিরাইয়া আনিতে ছাত্রদল কর্মীরা সর্বোচ্চ ত্যাগ (২য় পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

## ক্যাম্পাসে সংঘাত অবসানে

(১ম পৃঃ পর)

স্বীকারে প্রস্তুত। ছাত্রদল বিশ্ববিদ্যালয় সভাপতি মনির হোসেনকে কর্তৃপক্ষ উদ্যোগী হইলে আলোচনায় বসিবেন কিনা প্রশ্ন করা হইলে বলেন, বিষয়টি ভাবিয়া দেখিতে হইবে। ক্যাম্পাসে শুধু ছাত্রদল বা ছাত্রলীগ নয়-বরং গত কয়েকদিনে গণতান্ত্রিক ছাত্রঐক্য এবং জাসদ ছাত্রলীগও হলে হলে ছাত্রদের পুনর্বাসনের দাবীতে সভা, সমাবেশ করিয়াছে।

### ছাত্রলীগের সমাবেশ

বিশ্ববিদ্যালয় শিক্ষকদের সাথে অশোভন আচরণ এবং বহিরাগত মাস্তানদের ক্যাম্পাসে আগমনের প্রতিবাদে ছাত্রলীগ গতকাল মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয় বটতলায় সমাবেশ করে। ইহার আগে ছাত্রলীগের বিক্ষোভ মিছিল ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

### ছাত্রদলের সমাবেশ

ছাত্রদের হলে হলে পুনর্বাসন এবং বিশ্ববিদ্যালয়ের কর্তা ব্যক্তি ভিসি ও প্রক্টরের পদত্যাগ দাবী করিয়া ছাত্রদল গতকাল মঙ্গলবারও ঢাকা বিশ্ববিদ্যালয়ে মিছিল, সমাবেশ করিয়াছে। ক্যাম্পাসে মিছিল শেষে কলাভবন মেইন গেইটে তাহাদের সমাবেশ হয়।